

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
সরকারি মাধ্যমিক শাখা
www.dshe.gov.bd

নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০২.১৯.১১৩

তারিখ: ৩০ পৌষ ১৪২৬

১৪ জানুয়ারি ২০২০

অফিস আদেশ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন, নব সরকারিকরণকৃত নওয়াপাড়া শংকরপাশা সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে অভয়নগর, যশোর এর শিক্ষক/কর্মচারীগণের গত ০১.১০.২০১৯ খ্রি. তারিখে আত্মীকরণ করা হয়। উক্ত বিদ্যালয়ের যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মো: শহিদুল ইসলামকে সাময়িকভাবে বর্ণিত শর্তসাপেক্ষে ০৩.১০.২০১৯ হতে প্রধান শিক্ষকের দায়িত্বসহ আর্থিক লেন-দেনের ক্ষমতা প্রদান করা হলো। তিনি নিজের এবং অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদের আয়ন-ব্যয়নকারী কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

শর্তসমূহ:

(ক) এই দায়িত্ব তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত।

(খ) ট্রেজারী ও সাব-ট্রেজারী আইনের এস.আর/৯৬ ভলিউম-১ অনুযায়ী তাকে আনুষংগিক ভাতা, সম্মানী ইত্যাদি বিল সমূহে স্বাক্ষর করার ক্ষমতা প্রদান করা হলো।

(গ) দায়িত্ব পালনকালীন সকল প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনিই সর্বোতভাবে দায়ী থাকবেন। তাঁকে বিধি বিধানের আলোকে সকল প্রকার লেনদেন করতে হবে ও আর্থিক লেনদেনের হিসাব-নিকাশ অবশ্যই নির্দিষ্ট রেজিষ্টারে সংরক্ষণ করতে হবে।

(ঘ) তিনি প্রচলিত বিধি মোতাবেক দায়িত্ব ভাতা পাবেন।



১৪-১-২০২০

মোঃ আমিনুল ইসলাম টুকু
সহকারী পরিচালক-১

নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০২.১৯.১১৩/১(৭)

তারিখ: ৩০ পৌষ ১৪২৬

১৪ জানুয়ারি ২০২০

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।

২) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, অঞ্চল,.....।

৩) সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

৪) জেলা/ উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, -----।

৫) প্রধান শিক্ষক-----।

৬) জনাব -----।

৭) সংরক্ষণ নথি।



১৪-১-২০২০

মোঃ আমিনুল ইসলাম টুকু
সহকারী পরিচালক-১